কালের কণ্ঠ

তারিখ 12 JUN 2017
পৃষ্ঠা ৬ কলাম ৭

# কওমি শিক্ষায় সহযোগিতার আশ্বাস প্রধানমন্ত্রীর

কালের কণ্ঠ ডেস্ক ▷

দেশের কওমি মাদরাসা শিক্ষার উন্নয়নের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে আলেম-ওলামাদের আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'আমাদের লক্ষ্য সবার জন্য শিক্ষা নিশ্চিত করা এবং এই লক্ষ্য অর্জন করতে হলে সমাজের কোনো অংশকে পেছনে ফেলে রাখার সুযোগ নেই।'

গতকাল রবিবার দুপুরে প্রধানমন্ত্রীর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে মাওলানা আশরাফ আলীর নেতৃত্বে কওমি মাদরাসার কয়েকজন শীর্ষস্থানীয় আলেম তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আশ্বাস দেন।

বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেসসচিব ইহসানুল করিম সাংবাদিকদের জানান, শেখ হাসিনা বলেছেন, বিপুলসংখ্যক শিক্ষার্থী কওমি মাদরাসায় পড়াশোনা করে এবং তাদের শিক্ষার মূলধারায় নিয়ে আসতে হবে।

কওমি মাদ্রাসার চূড়ান্ত ডিগ্রিকে স্নাতকোত্তর ডিগ্রির সমমানের স্বীকৃতি দেওয়ার জন্য আলেমরা প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। তাঁরা বলেন, 'এটি একটি যুগান্তকারী ও ঐতিহাসিক ঘটনা। ইতিহাসের পাতায় এ কথা সোনালি হরফে লেখা থাকবে।'

আলেমরা দেশে ইসলামের বিকাশে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের কথা স্মরণ করেন। এ প্রসঙ্গে তাঁরা রাজধানীর কাকরাইলে তাবলিগ জামায়াতের 'মারকাজ' প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর জমি দেওয়ার কথা উল্লেখ করেন। তাঁরা আরো বলেন, বঙ্গবন্ধু বিশ্ব ইজতেমার জন্য তুরাগ নদের তীরে জমি বরাদ্দ দিয়েছেন। আলেমরা বিশ্ব ইজতেমার জন্য ১৬০ একর জমি প্রদানসহ ইসলামের বিকাশে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের জন্য শেখ হাসিনারও প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী সরকারের সন্ত্রাসবিরোধী প্রচারণায় অংশ নিতে জনগণকে উদ্বুদ্ধ করতে আলেম-ওলামাদের প্রতি আহ্বান জানান।

এ সময় অন্যদের মধ্যে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, প্রধানমন্ত্রীর উপদেষ্টা এইচ টি ইমাম ও মুখ্যসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী উপস্থিত ছিলেন। সূত্র : বাসস।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর